দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 OCT 2008
পৃষ্ঠা 4 কলাম 4

ঢাবির ভর্তিতে শর্তারোপ

# ভিসি প্রো-ভিসিসহ ১৪ জনকে হাইকোর্টের রুল

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭টি বিভাগে শিক্ষার্থীদের ভর্তি ক্ষেত্রে নতুন আরোপিত শর্ত কেন অবৈধ ও এখতিয়ার বহির্ভূত ঘোষণা করা হবে না মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি রুল জারি করেছে হাইকোর্ট। আগামী সাতদিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো, ভিসিসহ ১৪ জনকে কারণ দর্শানোর জন্য নির্দেশ দিয়েছেন আদালত। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০৮-০৯ সেশনে অনার্স প্রথম বর্ষে ভর্তিচ্ছু পাঁচ শিক্ষার্থীর রীটের আবেদনের পরিপ্রেক্ষিতে গতকাল সোমবার বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন ও কামরুল ইসলাম সিদ্দিকীর সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ প্রদান করেন।

যাদের প্রতি কারণ দর্শানোর নির্দেশ দিয়েছে আদালত তাঁরা হলেন-ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এসএমএ ফায়েজ, প্রো-ভিসি অধ্যাপক আহমদ ইউসুফ হায়দার, রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক বাহলুল হক চৌধুরী, কলা অনুষদের ডীন অধ্যাপক ড. সদরুল আমিন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. হারুন অর রশীদ এবং বাংলা, ইংরেজী, আন্তর্জাতিক সম্পর্ক, ভাষাতত্ত্ব, অর্থনীতি, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বডি। রীটের বাদী হলেন-আমিন উত্তীর্ণ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু ইব্রাহীম খলিল, আকিব বিন আনোয়ার, ইউসুফ আলী, সোহেল রানা ও আবদুর রহমান। বাদীদের পক্ষে রীটের শুনানিতে অংশ নেন সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার আবদুর রাজ্জাক, ব্যারিস্টার বেলায়েত হোসেন ও ব্যারিস্টার এমরান হোসেন।